গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
ই-১৩/ডি, ই, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স (লেভেল-৫)
আগারগাঁও, ঢাকা-১২০৭।
https://edc.doict.gov.bd/

স্মারক নং: ৫৬.০৪.০০০০.১০৬.০৬.৯৯.০০১.২৪/ ৯৫০৯ তারিখ: ১৬-০২-২০২৬ খ্রি.

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে ত্রিপক্ষীয় চুক্তিপত্র স্বাক্ষর কার্যক্রম সম্পন্নকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৪ আগস্ট ২০২৫ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে (সংযুক্ত)। এছাড়া গ্রাহক পর্যায়ে আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত ব্রডব্যান্ড ইন্টারনেট সেবার গুণগতমান নিশ্চিতকরণের উদ্দেশ্যে ত্রিপক্ষীয় চুক্তির খসড়াটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে (সংযুক্ত)। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত ত্রিপক্ষীয় চুক্তির নমুনা কপির ভিত্তিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, উপজেলা আইসিটি কর্মকর্তা এবং আইএসপি-এর মধ্যে চুক্তি স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।


০২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত বিধায়; উপজেলা আইসিটি কর্মকর্তা এবং আইএসপি প্রতিনিধির মধ্যে চুক্তি স্বাক্ষরের বিষয়টি প্রথমে সম্পন্ন করে; অত:পর আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহোদয়সহ সাক্ষীগণের স্বাক্ষর গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।

০৩। বর্ণিতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে উপরে উল্লিখিত নিয়ম অনুসরণে ত্রিপক্ষীয় চুক্তিপত্র স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১। স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) - ৪ পাতা
২। অনুমোদিত ত্রিপক্ষীয় চুক্তির নমুনা কপি - ৪ পাতা
৩। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের চিঠি। - ২ পাতা

১৬.০২.২০২৬
(তানজিনা ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প।
e-mail: tangina15167@gmail.com

উপজেলা আইসিটি কর্মকর্তা/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা/উপজেলা কার্যালয়--------------,
জেলা ------------------।




গঙ ০৪৮৫৭৫০

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-এর মধ্যে

End User Connectivity কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত

# সমঝোতা স্মারক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

------ ১ম পক্ষ

এবং

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

------ ২য় পক্ষ

আগস্ট ১৪, ২০২৫

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গঙ ০৪৬৪৭৫

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-এর মধ্যে End User Connectivity কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত

# সমঝোতা স্মারক

এই সমঝোতা স্মারকটি ঢাকা, বাংলাদেশে ৩০ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ মোতাবেক ১৪ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে স্বাক্ষরিত হয়, যেখানে নিম্ন লিখিত পক্ষগুলোর মধ্যে সহযোগিতার একটি কাঠামো নির্ধারণ করা হয়েছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)- ১ম সংশোধিত" শীর্ষক প্রকল্পের আওতায় দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে **ফাইবার অপটিক্যাল ক্যাবলের মাধ্যমে End User Connectivity এবং ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য উপাত্ত বিনিময়ের বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষরকারী পক্ষদ্বয় নিম্নরূপঃ**

**প্রথম পক্ষঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের** ডাক, টেলিযোগাযোগ ও **তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর” (অতঃপর 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর' - যা **End User Connectivity প্রদানকারী কর্তৃপক্ষ বলে উল্লেখিত)**

**এবং**

**দ্বিতীয় পক্ষঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কার্যালয়, (প্রাথমিক শিক্ষা অধিদপ্তর যা End User Connectivity গ্রহণকারী কর্তৃপক্ষ বলে উল্লেখিত)**

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

CamScanner

# প্রস্তাবনা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পটির আওতায় দেশব্যাপী ৩৭টি প্যাকেজের জন্য ৩৭টি Internet Service Provider (ISP) প্রতিষ্ঠানের মাধ্যমে ৪ (চার) কোরের অপটিক্যাল ফাইবার ক্যাবল ও সংযোজনী "ক" এ উল্লেখিত নেটওয়ার্ক যন্ত্রপাতিসহ সংযোগ প্রদান কার্যক্রম পরিচালনা করছে। প্রকল্পটির লক্ষ্য হচ্ছে যুগোপযোগী ও টেকসই একটি ইন্টারনেট অবকাঠামো প্রতিষ্ঠার মাধ্যমে ইন্টারনেট সেবার মান উন্নয়ন করে চতুর্থ শিল্প বিপ্লবের জন্য দেশের তরুণ সমাজকে প্রস্তুতকরণ এবং জনগণের জীবনকে সহজতর করার লক্ষ্যে ইন্টারনেট সুবিধা প্রদান করা। ইন্টারনেট অবকাঠামো ব্যবহারের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা IT বিষয়ে দক্ষতা অর্জন করবে এবং শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ICT Tools ব্যবহার করে শ্রেণি পাঠদান করতে পারবে।

গত ২৩ নভেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এর সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পের অনুমোদিত ডিপিপি-তে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সংযুক্ত তালিকা অনুসারে সারাদেশে ৬৫,৫৬৭টি প্রাথমিক বিদ্যালয়ে যুগোপযোগী ও টেকসই একটি ইন্টারনেট অবকাঠামো প্রতিষ্ঠার মাধ্যমে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদান করে শিক্ষার্থীদেরকে তথ্যপ্রযুক্তি নির্ভর কারিগরি শিক্ষায় শিক্ষিত করার জন্য ৪ (চার) কোরের অপটিক্যাল ফাইবার ক্যাবল ও সংযোজনী "ক" এ উল্লিখিত নেটওয়ার্ক যন্ত্রপাতি ও ব্রডব্যান্ড ইন্টারনেটসহ "End User Connectivity" প্রদানের সংস্থান রয়েছে। ডিপিপি-এর সংস্থান মোতাবেক নেটওয়ার্ক অবকাঠামো স্থাপন ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদান করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মধ্যে উভয় প্রতিষ্ঠানের লক্ষ্য, উদ্দেশ্য সমুন্নত রাখার মাধ্যমে কার্যক্রমটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত এই "সমঝোতা স্মারক" প্রয়োজনীয় ভূমিকা রাখবে। "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)-১ম সংশোধিত" শীর্ষক প্রকল্পের আওতায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন আনুমানিক ৩৬,০০০টি প্রাথমিক বিদ্যালয়ে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর "এক দেশ এক রেট" অনুসারে উচ্চগতির ২০ এমবিপিএস বা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রয়োজন অনুসারে ব্রডব্যান্ড ইন্টারনেটসহ সংযোগ প্রদান করা হবে। বিটিআরসি'র "এক দেশ এক রেট" বা ISP এর সাথে নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত মূল্য (যাহা তুলনামূলক কম মূল্য হয়) অনুসারে উচ্চগতির ২০ এমবিপিএস বা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রয়োজন অনুসারে ISP প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ সাপেক্ষে ব্রডব্যান্ড ইন্টারনেট এর মূল্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ কর্তৃক ISP কে পরিশোধ করবে।

অন্যদিকে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নানামুখী প্রকল্প ও কর্মকাণ্ডের মাধ্যমে এগিয়ে যাচ্ছে যার একটি সুস্পষ্ট উদ্দেশ্য হচ্ছে সকলের জন্য ইন্টারনেট অবকাঠামো প্রস্তুতের মাধ্যমে ইন্টারনেট সহজলভ্য করা। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর উদ্ভাবনী প্রকল্পগুলোর মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি অফিস তথা রাষ্ট্র উপকৃত হচ্ছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর উভয়ের পারস্পরিক সহযোগিতার মাধ্যমে এ প্রকল্পের "End User Connectivity" কম্পোনেন্টটির বাস্তবায়ন গতিশীল হবে।

## "অনুচ্ছেদ ও শর্তাবলি"

**অনুচ্ছেদ ১ - তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মধ্যে তথ্য-উপাত্ত আদান-প্রদান:**

(ক) এ সমঝোতা স্মারক স্বাক্ষরের সর্বোচ্চ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রকল্পের সাথে সম্পৃক্ত সকল কারিগরি কার্যাদি সম্পাদন সাপেক্ষে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নিকট End User Connectivity প্রদানের জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের চূড়ান্ত তালিকা এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের একজন উপযুক্ত প্রতিনিধির নাম ও ফোন নম্বর প্রদান করবে।

(খ) ১ম পক্ষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রদানযোগ্য End User Connectivity এর One time cost (OTC) বহন করবে ও WiFi Router এর ওয়ারেন্টি নিশ্চিত করার বিষয়ে সার্বিক সহযোগিতা করবে। ২য় পক্ষ প্রাথমিক শিক্ষা অধিরপ্তরের নিয়ন্ত্রনাধীন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ইন্টারনেট সংযোগ সম্পন্ন হওয়ার পর বা জুলাই ২০২৫ থেকে থেকে (অনুচ্ছেদ নং ৩(খ) অনুযায়ী) বিটিআরসি'র "এক দেশ এক রেট" অনুসারে বা নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত মূল্য অনুসারে (যাহা তুলনামূলক কম মূল্য হয়) উচ্চগতির **২০ এমবিপিএস বা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের** আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রয়োজন অনুসারে Monthly Recurring Cost (MRC) এর ব্যয় বহন করবে। এক বছরের পর থেকে যন্ত্রপাতির যে কোনও ধরনের সমস্যা দেখা দিলে ২য় পক্ষ প্রাথমিক শিক্ষা অধিরপ্তরের নিয়ন্ত্রনাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ নিজ খরচে তা সমাধান করবে; যেমন WiFi Router, মিডিয়া কনভারটার, অপটিক্যাল নেটওয়ার্ক ইউনিট (ONU) ইত্যাদি যদি নষ্ট হয় বা ত্রুটি বা অন্য কোনও সমস্যা দেখা দেয়।

গ) WiFi Router এর warranty ০১ জুলাই ২০২৫ তারিখ থেকে পরবর্তী এক বছর বলবৎ থাকবে এবং WiFi Router সরবরাহকারি নির্বাচিত ISP প্রতিষ্ঠানের মাধ্যমে তা নিশ্চিত করবে।

ঘ) End User Connectivity প্রদান সম্পন্ন হওয়ার পর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রদানকৃত তালিকাভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ থেকে User Provisional Acceptance Certificate (UPAC) প্রথম পক্ষকে প্রদান করবে।

ঙ) End User Connectivity প্রদান সম্পন্ন হওয়ার পর এবং User Provisional Acceptance Certificate (UPAC) প্রদানের ১ (এক) মাস পর প্রদানকৃত সংযোগের পারফরম্যান্স যাচাইপূর্বক যদি কোন ব্যত্যয় না থাকে, সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠান User Final Acceptance Certificate (UFAC) প্রথম পক্ষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে প্রদান করবে।

চ) WiFi Router ও তৎসংশ্লিষ্ট যন্ত্রপাতি যা ২য় পক্ষ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন অনুমোদিত তালিকাভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে স্থাপন করা হবে, সে সকল যন্ত্রপাতি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের হেফাজতে থাকবে ও উক্ত প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করবে।

CamScanner

ঘ) নির্বাচিত ISP প্রতিষ্ঠান দ্বারা নির্বাচিত সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ফাইবার অপটিক ক্যাবল এর মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করার লক্ষ্যে ISP প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তার অধীনস্থ/আওতাধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিদ্যালয়সমূহে পত্র দিয়ে অবহিত করবে।

ঙ) স্বাক্ষরিত সমঝোতার স্মারক পরবর্তীকালে যে কোনো সময় উভয় পক্ষের চাহিদা ও সম্মতির ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অপরিবর্তিত রেখে অন্যান্য যে কোনো বিষয়ে সংশোধন করা যাবে।

**অনুচ্ছেদ ২ - তথ্য-উপাত্ত প্রদানে বাধা এবং এর প্রতিকার:**

(ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (২য় পক্ষ) কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (১ম পক্ষ) কে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) কোনো কারণে দ্বিতীয় পক্ষের সাময়িকভাবে তথ্য প্রদান কার্যক্রম ব্যাহত হলে তা অতি দ্রুত দ্বিতীয়পক্ষ, প্রথমপক্ষকে অবহিত করবে এবং এরূপ ক্ষেত্রে দ্বিতীয়পক্ষ যতদ্রুত সম্ভব এর প্রতিকারের ব্যবস্থা করবে।

**<u>অনুচ্ছেদ ৩ - প্রতিষ্ঠিত কানেক্টিভিটির তদারকি এবং আর্থিক সংশ্লেষ সংক্রান্ত:</u>**

(ক) ২য় পক্ষ কর্তৃক ১ম পক্ষের সাথে ডাটা বা তথ্য আদান-প্রদানের জন্য কোনো প্রকার আর্থিক সংশ্লেষ থাকবে না।

(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ইন্টারনেটের বিল প্রদানের নিমিত্ত Monthly Recurring Charge (MRC) খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের কার্যক্রম সম্পন্নকরণের সুবিধার্থে শুধু মাত্র উল্লিখিত সময়ে সংযোগ গ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ০১জুলাই ২০২৫ খ্রি. এর পর থেকে সম্পাদিত ত্রিপক্ষীয় চুক্তি অনুসারে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ISP প্রতিষ্ঠান কে Monthly Recurring Charge (MRC) পরিশোধ করবে।

(গ) ISP প্রতিষ্ঠানের কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পর্যালোচনা করবে। যদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, ISP এর কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং ISP প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত ত্রিপক্ষীয় চুক্তির শর্তাবলির পরিপন্থী, সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ISP প্রতিষ্ঠান পরিবর্তন করতে পারবে। সেক্ষেত্রে বিদ্যমান ISP প্রতিষ্ঠান নতুন নির্বাচিত ISP প্রতিষ্ঠানের নিকট কানেক্টিভিটির সংযোগ ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি বুঝিয়ে দিবে।

**<u>অনুচ্ছেদ ৪ - সমঝোতা স্মারকের কার্যকারিতা ও মেয়াদ:</u>**

(ক) এ সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে ০৩ বৎসরের জন্য কার্যকর থাকবে।

(খ) বিদ্যমান সমঝোতার মেয়াদ শেষ বা উত্তীর্ণ হবার ন্যূনতম ২ (দুই) মাস পূর্বে উভয় পক্ষ পারস্পরিক মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন বা সংযোজন করতে পারবে এবং তদানুযায়ী নবায়ন বা নতুন সমঝোতা স্মারক/চুক্তিপত্র সম্পাদন করতে পারবে। এরূপ ভাবে নির্দিষ্ট সময় অন্তর অন্তর সমঝোতা স্মারক নবায়ন করা যাবে। এটা একটি চলমান প্রক্রিয়া হিসাবে কার্যকর থাকবে।

**<u>অনুচ্ছেদ ৫ - বিবিধ:</u>**

ক) উভয় অধিদপ্তর আইনের কোনোরূপ পরিবর্তন হলে বা আইনের কোনোরূপ সংশোধন হলে সংশ্লিষ্ট পক্ষদ্বয় তদানুসারে সমঝোতা স্মারকের প্রয়োজনীয় সংশোধন বা সংযোজন করতে পারবে।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গঙ ০৪৯৫৫

খ) এ সমঝোতা স্মারক অনুসরণের ক্ষেত্রে তথ্য-উপাত্তের ব্যবহার, এর গোপনীয়তা, প্রযুক্তির ব্যবহার, বা কোনরূপ প্রশাসনিক বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে তা বাংলাদেশের প্রচলিত আইন-কানুন বা আইনি কাঠামোর আওতাভুক্ত হবে।

গ) এ সমঝোতা স্মারকের কোনো শর্ত ব্যাখ্যায় সংশ্লিষ্ট পক্ষদ্বয়ের মধ্যে কোন মতদ্বৈততা বা বিরোধ হলে তা যথাসম্ভব আলাপ আলোচনার মাধ্যমে মীমাংসা করার উদ্যোগ নেয়া যাবে।

ঘ) প্রতিষ্ঠিত নেটওয়ার্কের মালিকানা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের থাকবে।

ঙ) এ সমঝোতা স্মারকের আওতায় অনুমোদিত তালিকাভুক্ত প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ব্যতিত উভয় পক্ষ একই বা অনুরূপ উদ্দেশ্যে অন্য কোন সংস্থার সাথে যে কোন সময়ে চুক্তিতে প্রবেশ করতে বাধা প্রদান করবে না।

চ) এ সমঝোতা স্মারকটি পক্ষদ্বয়ের বর্তমান লক্ষ্যসমূহকেই প্রকাশ করে। এ সকল আইনত বাধ্যতামূলক প্রতিশ্রুতির জন্য প্রতিশ্রুতিকারী পক্ষদ্বয়ের দ্বারা স্বাক্ষরিত একটি লিখিত চুক্তি।

| প্রথম পক্ষ | দ্বিতীয় পক্ষ |
| --- | --- |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের পক্ষে স্বাক্ষরকারী | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পক্ষে স্বাক্ষরকারী |
| মো: আবু সাঈদ<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আবু নূর মোঃ শামসুজ্জামান<br>মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের পক্ষে সাক্ষীগণের স্বাক্ষর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পক্ষে সাক্ষীগণের স্বাক্ষর |
| ১। তানজিনা ইসলাম<br>প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)<br>ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প | ১। রাজা মুহম্মদ আব্দুল হাই<br>অতিরিক্ত মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ২। মোঃ তুহিনুল ইসলাম<br>নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ২। মোঃ লুৎফুর রহমান<br>পরিচালক (তথ্য ব্যবস্থাপনা বিভাগ)<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |



CamScanner

**সংযোজনী "ক"**

| SL No. | Items Description | UoM | Quantity |
|---|---|---|---|
| 1 | Wi-Fi Router<br>(as per approved technical specifications) | each | 1 |
| 2 | 4-Core Optical Fiber Cable | MTR. | Apprx. 1500 |
| 3 | Media Converter / ONU | each | 1 |
| 4 | Termination / TJ Box | each | 1 |
| 5 | Fiber Patch Cord (As per required) | each | 5 |
| 6 | Others (Adaptor, electric power cable, socket, cable ties, etc.) | LS | (As per required) |

CamScanner

"তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)"(১ম সংশোধিত) প্রকল্পের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে

## ত্রিপক্ষীয় চুক্তিপত্র

চুক্তির স্মারক নং:

চুক্তি সম্পাদনের তারিখ:

বিভাগ:

জেলা:

উপজেলা:

প্যাকেজ নং:

এই ত্রিপক্ষীয় চুক্তিপত্র দলিলটি (পরবর্তীতে ত্রিপক্ষীয় চুক্তি/চুক্তিপত্র/চুক্তি' হিসাবে অভিহিত হবে) উপরোল্লিখিত তারিখে নিম্নের পক্ষগণের মধ্যে সম্পাদিত ও স্বাক্ষরিত হলো:

প্রথম পক্ষ : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বা মনোনীত প্রতিনিধি।

দ্বিতীয় পক্ষ : Internet Service Provider (ISP) প্রতিষ্ঠান এর নাম (বর্তমান নিবন্ধিত ঠিকানা)

তৃতীয় পক্ষ : উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

চুক্তির প্রেক্ষাপট : গত ২৩ নভেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এর সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পের অনুমোদিত ডিপিপি-তে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন সংযুক্ত তালিকা অনুসারে দেশের প্রত্যন্ত অঞ্চলে ৬৫,৫৬৭টি প্রাথমিক বিদ্যালয়ে যুগোপযোগী ও টেকসই একটি ইন্টারনেট অবকাঠামো প্রতিষ্ঠার মাধ্যমে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদান করে শিক্ষার্থীদেরকে তথ্যপ্রযুক্তি নির্ভর কারিগরি শিক্ষায় শিক্ষিত করার জন্য ৪ (চার) কোরের অপটিক্যাল ফাইবার ক্যাবল ও সংযোজনী "ক" এ উল্লিখিত নেটওয়ার্ক যন্ত্রপাতি ও ব্রডব্যান্ড ইন্টারনেটসহ "End User Connectivity" প্রদানের সংস্থান রয়েছে। "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক প্রকল্পের আওতায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন আনুমানিক ৩৬,০০০টি প্রাথমিক বিদ্যালয়ে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর "এক দেশ এক রেট" বা উভয়ের মধ্যে নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত মূল্য অনুসারে (যা তুলনামূলক কম মূল্য হয়) অনুসারে উচ্চগতির ২০ এমবিপিএস বা প্রয়োজন অনুসারে ব্রডব্যান্ড ইন্টারনেটসহ সংযোগ প্রদান করা হবে। বিটিআরসি'র "এক দেশ এক রেট" বা ত্রিপক্ষীয় নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত মূল্য অনুসারে (যা তুলনামূলক কম হয়) অনুসারে উচ্চগতির ২০ এমবিপিএস বা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রয়োজন অনুসারে ব্রডব্যান্ড ইন্টারনেট এর মূল্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয় কর্তৃক পরিশোধ করা হবে।

তানজিনা ইসলাম
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

মোঃ শাহ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

হাবীবুল্লাহ
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

শেখ সাজ্জাদুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

প্রকৌঃ অনুজ কুমার রায়
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২ মিরপুর, ঢাকা-১২১৬।



CamScanner

চুক্তির শর্তাবলি:

অনুচ্ছেদ-১: সংজ্ঞাসমূহ

এ চুক্তিতে, অন্যরূপে প্রকাশিত না হলে, কতিপয় শব্দ, শব্দাবলি নিম্নে বর্ণিত রূপে অর্থ প্রকাশ করবে এবং প্রাসঙ্গিক ক্ষেত্রে, একবচন অর্থে ব্যবহৃত শব্দ বহুবচন এবং একইভাবে, বহুবচন অর্থে ব্যবহৃত শব্দ একবচন অর্থেও প্রকাশিত হবে:

"চুক্তি" অর্থ এ ত্রিপক্ষীয় চুক্তিপত্র ও এতে বর্ণিত সকল সংযোজনীসমূহ যা চুক্তিটির অবিচ্ছেদ্য অংশ বলে বিবেচিত হবে এবং এ চুক্তির সূত্রে বা বরাত প্রদানপূর্বক পক্ষগণের মধ্যে সম্পাদিত যে কোনো লেনদেন এবং পক্ষগণ কর্তৃক সম্পাদিত এ চুক্তির যে কোনো সংশোধনী চুক্তি।

"চুক্তির মেয়াদ" অর্থ এ চুক্তির অনুচ্ছেদ ২ এ বর্ণিত চুক্তিটি কার্যকর হবার তারিখ থেকে চুক্তির মেয়াদ শেষ হওয়ার তারিখ পর্যন্ত সময়কাল।

অনুচ্ছেদ-২: চুক্তির মেয়াদ ও অবসান

ক) এ চুক্তিটির মেয়াদ ০১-০৭-২০২৫ তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছর ("চুক্তির মেয়াদ")।

খ) চুক্তির মেয়াদ উত্তীর্ণ হবার পর যদি কোনো পক্ষেরই কোনো বিষয়ে কোন ধরণের অভিযোগ না থাকে, সে ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে এ চুক্তির নবায়ন ঘটবে এবং চুক্তির সকল শর্তাবলি পক্ষগণের ওপর একইরূপে আইনগতভাবে বাধ্য থাকবে। এছাড়া প্রয়োজনে ৩০ (ত্রিশ) দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে ত্রিপক্ষীয় সমঝোতার ভিত্তিতে যে কোনো সময় সংশোধিত চুক্তি সম্পাদন করতে পারবে বা চুক্তি বাতিল করতে পারবে।

অনুচ্ছেদ-৩: সেবার পরিধি (Scope of Service) ও ট্যারিফ

এ চুক্তিতে বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বিটিআরসি কর্তৃক জারীকৃত ISP প্রতিষ্ঠান কর্তৃক ইন্টারনেট সার্ভিস প্রদান সংশ্লিষ্ট গাইডলাইনের আওতায় ISP প্রতিষ্ঠান কর্তৃক ইন্টারনেট সেবা প্রদানের মান ৯৯% আপ-টাইম সমুন্নত রাখতে হবে এবং সার্ভিস লেভেল চুক্তি অনুসারে সেবাপ্রদানকারী ISP প্রতিষ্ঠান গ্রাহককে ইন্টারনেট সেবা প্রদান করবে। ISP প্রতিষ্ঠান ইন্টারনেট সেবা প্রদানের ক্ষেত্রে বিগত ৬ই জুন, ২০২১ খি. তারিখে বিটিআরসি কর্তৃক ঘোষিত নিম্নে লিখিত ট্যারিফ 'এক দেশ, এক রেট' (ট্যারিফ) বা ত্রিপক্ষীয় নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত মূল্য (যা তুলনামূলক কম হয়) অনুযায়ী ইন্টারনেট সংযোগ প্রদান থেকে প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয় কর্তৃক ISP প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করবে।

| ব্যান্ডউইথের পরিমাণ | সর্বাধিক প্যাকেজ মূল্য (টাকা) |
|---|---|
| ২০ এমবিপিএস ব্যান্ডউইথ বা প্রাথমিক শিক্ষা অধিরদপ্তরের প্রয়োজন অনুসারে ১:৮ শেয়ারড লাইন বা ডেডিকেটেড লাইন।<br>চুক্তি অনুসারে ব্যান্ডউইথের পরিমাণ ২০ MBPS শেয়ারড লাইন বা ডেডিকেটেড লাইন ---------------- ------------------------------ | ১,০০০.০০ (এক হাজার) টাকা ভ্যাটসহ (প্রযোজ্য ক্ষেত্রে) যা বিটিআরসি কর্তৃক 'এক দেশ, এক রেট' (ট্যারিফ) বা ত্রিপক্ষীয় নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত মূল্য (যা তুলনামূলক কম মূল্য হয়)। এই চুক্তি মূল্য বিটিআরসি কর্তৃক সময় সময় পরিবর্তীত মূল্য বা ISP প্রতিষ্ঠান সাথে পুনঃনেগোসিয়েশনের মাধ্যমে ধার্যকৃত রেট প্রযোজ্য হবে।<br>চুক্তি অনুসারে ব্যান্ডউইথের প্যাকেজ মূল্য: ১,০০০.০০ (এক হাজার) টাকা |

তানজিনা ইসলাম
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (২য় পর্যায়) প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

মোঃ শাহ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

হাবীবুল্লাহ
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

শেখ সাঈদুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

প্রকৌঃ অনুজ কুমার রায়
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬



২-৬

অনুচ্ছেদ-৪: আর্থিক লেনদেন

ক) ইনভয়েসিং: সেবাদাতা প্রতিষ্ঠান ISP কর্তৃক সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বরাবর ই-মেইলে অথবা WatsApp বা মোবাইল এসএমএস বা ইন্টারনেট এর মাধ্যমে বিল প্রেরণ করবে;

খ) প্রতিটি ইন্টারনেট বিলে নিম্নের তথ্যাবলী অন্তর্ভুক্ত থাকবে:
- সংযোগ আইডি নং:
- চুক্তির স্মারক নং:
- বিল পরিশোধের সর্বশেষ তারিখ:
- সংযোগ প্রদানের গ্রহণযোগ্যতার সনদ (UPAC/UFAC) (প্রথমবার)

গ) উপরে নির্ধারিত সময়সীমার মধ্যে ইনভয়েসে উল্লিখিত সমুদয় বিল পরিশোধে ব্যর্থ হলে, ISP কর্তৃক সরকারি প্রাথমিক বিদ্যালয়কে নোটিশ প্রদান করা হবে। কোন কারণে সরকারি অর্থ বরাদ্দ বা অর্থ ছাড়ের বিষয় সম্পৃক্ত থেকে, সে ক্ষেত্রে অর্থ বরাদ্দ পর্যন্ত বিল পরিশোধের সময়সীমা স্বয়ংক্রিয়ভাবে বৃদ্ধি হবে।

## অনুচ্ছেদ - ৫ ফোর্স মেজার

সেবাদাতা প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ বহির্ভূত দৈবিক কোনো শক্তি বা Act of God এর কারণে বা যুদ্ধে, শত্রুতা, আক্রমণ, বিদেশী শত্রুদের আক্রমণ, বিদ্রোহ, সন্ত্রাসবাদ, শ্রমিক বিদ্রোহ, সামরিক বা দখলদারিত্ব, নাশকতা বা গ্রহণ দাঙ্গা, ধর্মঘট, কারফিউ, অবরোধ, সরকারি নিষেধাজ্ঞা, রাজনৈতিক সংকট, হরতাল, পরিবেশগত দুর্যোগ/বিপর্যয়, ঘূর্ণিঝড়, হারিকেন, টাইফুন, সুনামি, তীব্র ঝড়, বন্যা, ভূমিকম্প, ভূমিধ্বস, দাবদাহ, মহামারী, কোয়ারেন্টাইন বিধিনিষেধ, বা আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত, অপ্রত্যাশিত প্রযুক্তিগত বা প্রাকৃতিক বিপর্যয়/দুর্যোগ বা অনুপ্রবেশ বা নেটওয়ার্ক/কানেক্টিভিটির অন্য কোনও ক্ষতি, সরকারী সংস্থাগুলোর কার্য, জাতীয় গ্রিডে পাওয়ার ফেইলিউর, অর্থনীতিতে দীর্ঘস্থায়ী মন্দা ইত্যাদি ক্ষেত্রে সার্ভিসের গুণগত মানের অবনতি হলে সেবাদাতা প্রতিষ্ঠানকে দায়ী করা যাবে না।

## অনুচ্ছেদ - ৬ পয়েন্ট অফ কন্টাক্ট

| সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি | সেবা গ্রহণকারী বিদ্যালয়ের প্রধান শিক্ষক | আইসিটি অধিদপ্তরের প্রতিনিধি |
|---|---|---|
| ১। নাম: ................................ | ১। নাম: ................................ | ১। নাম: ................................ |
| ২। পদবী: ................................ | ২। পদবী: ................................ | ২। পদবী: ................................ |
| ৩। মোবাইল নং: ........................ | ৩। মোবাইল নং: ........................ | ৩। মোবাইল নং: ........................ |
| ৪। ই-মেইল : ................................ | ৪। ই-মেইল : ................................ | ৪। ই-মেইল : ................................ |

তানজিনা ইসলা
প্রকল্প পরিচালক (যুগ্মস
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডি
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অ

অনুচ্ছেদ-৭: নোটিশ

সমস্ত নোটিশ, অনুরোধ, তাগিদপত্র এবং অন্যান্য যোগাযোগ পক্ষগণের নির্ধারিত ঠিকানায় পাঠাতে হবে:

(ক) বিশেষ বাহকের মাধ্যমে বা কুরিয়ার সার্ভিস বা রেজিস্টার্ড ডাকযোগে;

মোঃ শাহ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

হাবীবুল্লাহ
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

শেখ সাঈদুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

প্রকৌঃ অনুজ কুমার রায়
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬।



CamScanner

খ) নোটিশ ই-মেইলেও প্রেরণ করা যাবে। তবে শর্ত থাকে যে পক্ষগণের ডোমেইনের সাথে যুক্ত কেবলমাত্র নির্ধারিত ই- মেইল ঠিকানা বৈধ এবং অফিসিয়াল হিসাবে গণ্য হবে এবং উভয় পক্ষগণের মধ্যে আদান-প্রদানকৃত সমস্থ ই-মেইল বা পত্রগুলি এ চুক্তির একটি অবিচ্ছেদ্য অংগ হিসাবে বিবেচিত হবে।

**অনুচ্ছেদ-৮: আইন, সমঝোতা ও সালিশ**

এ চুক্তিটি বাংলাদেশের প্রচলিত আইন দ্বারা পরিচালিত ও নির্ধারিত হবে। এ চুক্তিতে অনুল্লিখিত উদ্ভূত পরিস্থিতিতে পক্ষগণের মধ্যে মতপার্থক্য বা বিবাদ দেখা দিলে এবং নিজেদের মধ্যে এই মতপার্থক্য বা বিরোধকে সুস্পষ্টভাবে সমাধান করতে ব্যর্থ হওয়ার ক্ষেত্রে, পক্ষগণ বিষয়টি সমাধানের জন্য বিটিআরসি-তে প্রেরণ করবে। বিটিআরসি/সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিরোধটি সমাধানের পক্ষে যথাযথ বলে বিবেচনা করে সিদ্ধান্ত নিতে পারে এবং বিটিআরসি-তে সিদ্ধান্ত চূড়ান্ত এবং সংশ্লিষ্ট পক্ষগণের ওপর বাধ্যকর হিসাবে গণ্য হবে।

**অনুচ্ছেদ-৯: অনুলিপি**

এ চুক্তিটি পক্ষগণের দ্বারা ৩ (তিন) টি অবিকল সেটে স্বাক্ষরিত হয়ে পক্ষগণের ওপর জারী হবে যার ১ (এক) টি করে অনুলিপি ভবিষ্যতের প্রয়োজনে সেবা গ্রহীতা ও সেবাদাতা প্রতিষ্ঠানের নিকট সংরক্ষিত থাকবে। এতদ্বার্থে স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে সুস্থ শরীরে, অন্যের বিনা প্ররোচনায় পক্ষগণ এ ত্রিপক্ষীয় চুক্তিপত্রটি পাঠ করে ও অন্যকে দিয়ে পাঠ করিয়ে এর মর্ম অবগত হয়ে সম্পূর্ণ সঠিক ও শুদ্ধ স্বীকারে সাক্ষীগণের মোকাবেলায় সম্পাদন করলেন।

## অনুচ্ছেদ-১০: দায়িত্ব

### ক) <u>ইন্টারনেট গ্রাহক/সেবা গ্রহীতার দায়িত্ব:</u>

- এ চুক্তির শর্তাবলি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে সেবা গ্রহণের বিপরীতে অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত ট্যারিফ অনুসারে প্রতি মাসের ১৫ তারিখ এর মধ্যে বিল ISP কে পরিশোধ করবে;
- অস্থিতিশীল বিদ্যুৎ বা অন্য কোন প্রাকৃতিক দুর্ঘটনার কারণে নেটওয়ার্কে বিঘ্ন ঘটার ফলে সার্ভিসের গুণগত মানের অবনতি হলে সেবাদাতা প্রতিষ্ঠান ISP কে দায়ী করা যাবে না;
- ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প থেকে ইন্টারনেট সংযোগ প্রদানের এক বছর পর ডিভাইসমূহের যে কোন সমস্যায় সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয় নিজস্ব ব্যয়ে প্রয়োজনীয় মেরামত বা Replacement এর ব্যবস্থা করবে;
- ISP প্রতিষ্ঠানের সাথে পরামর্শ ও আলাপ-আলোচনা ছাড়া এ চুক্তির মেয়াদকালে নেটওয়ার্ক সরঞ্জামাদির স্থানান্তর করা যাবে না;
- সেবাদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সুরক্ষা নির্দেশিকা এবং প্রয়োজনীয় পরিবেশ সুরক্ষা ব্যবস্থা অনুসরণ করতে হবে;
- ISP প্রতিষ্ঠানের সেবার মান সন্তোষজনক না হলে, সংযোগ/সেবা গ্রহণকারী সরকারি প্রাথমিক বিদ্যালয় চুক্তিকালীন যে কোনো সময়ে বিদ্যমান চুক্তি বাতিলের জন্য ৩০ দিনের নোটিশ প্রদান করতে পারবে। সে ক্ষেত্রে উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা আইসিটি কর্মকর্তাদ্বয়ের কাছে অভিযোগ সঠিক মর্মে প্রতীয়মান হলে, তাদের সুপারিশ মোতাবেক Internet Service Provider (ISP) পরিবর্তন করতে পারবে;

তানজিনা ইসলাম
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

মোঃ শাহ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

হাবীবুল্লাহ
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

শেখ সাঈদুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

প্রকৌঃ অনুজ কুমার রায়
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬।

৪-৬

CamScanner

ICT DIVISION
FUTURE IS HERE

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
DEPARTMENT OF ICT
DoICT

ESTABLISHING DIGITAL CONNECTIVITY

- ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হলে বা ডিভাইসসমূহে WiFi Router, মিডিয়া কনভারটার, অপটিক্যাল নেটওয়ার্ক ইউনিট (ONU) ইত্যাদি এবং অপটিক্যাল ফাইবার ক্যাবলের যে কোন সমস্যা দেখা দিলে বা নষ্ট হয়ে গেলে, সে ক্ষেত্রে সরকারি প্রাথমিক বিদ্যালয় ISP প্রতিষ্ঠানকে অনলাইন সিস্টেমে অভিযোগ দাখিল করবে বা ই-মেইলে অবহিত করবে;

- ডিভাইসসমূহ যেমন: WiFi Router, মিডিয়া কনভারটার, অপটিক্যাল নেটওয়ার্ক ইউনিট (ONU) চুরি হলে; ইন্টারনেট ব্যবহারকারী/ সরকারি প্রাথমিক বিদ্যালয় কর্তৃক একই টেকনিক্যাল স্পেসিফিকেশনের বা সমমানের ক্রয় করতে হবে।

- ISP প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ইন্টারনেট সেবার মান সন্তোষজনক না হলে বা সম্পাদিত চুক্তির কোন প্রকার ব্যত্যয় ঘটলে, সে ক্ষেত্রে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর ইন্টারনেট সার্ভিস সংক্রান্ত নির্দেশনা এবং বিদ্যমান চুক্তির শর্ত মোতাবেক আর্থিক জরিমানা করা যাবে;

## খ) ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের দায়িত্ব:

- ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প থেকে ইন্টারনেট সংযোগ প্রদানের তারিখ থেকে এক বছরের মধ্যে বা ওয়ারেন্টির সময়ের মধ্যে ডিভাইসমূহে যেমন WiFi Router, মিডিয়া কনভারটার, অপটিক্যাল নেটওয়ার্ক ইউনিট (ONU) ইত্যাদির কোন সমস্যা দেখা দিলে বা নষ্ট বা অকেজো হয়ে গেলে ৩ (তিন) দিনের মধ্যে প্রয়োজনীয় মেরামত বা Replacement এর ব্যবস্থা করবে;

- অপটিক্যাল ফাইবার ক্যাবলের মেরামত বা Replacement এর প্রয়োজন হলে; শহর এলাকায় অভিযোগ প্রাপ্তির সময় থেকে ৪ (চার) ঘন্টার মধ্যে এবং প্রত্যন্ত গ্রাম বা নদী অঞ্চলের জন্য যৌক্তিক সময়ের মধ্যে ISP প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় মেরামত বা Replacement এর ব্যবস্থা করতে হবে;

- ISP প্রতিষ্ঠান কর্তৃক নষ্ট বা অকেজো WiFi Router, মিডিয়া কনভারটার, অপটিক্যাল নেটওয়ার্ক ইউনিট (ONU) এর প্রয়োজনীয় মেরামত বা Replacement এর ব্যবস্থা না করা পর্যন্ত উক্ত ইকুইপমেন্টসমুহের - যখন যা ওয়ারেন্টির সময়ের মধ্যে নষ্ট বা অকেজো হবে তার ব্যাক-আপ প্রদান করে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের ইন্টারনেট লাইন সচল রাখতে হবে;

- ISP প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ইন্টারনেট ব্যবহারকারীদেরকে প্রয়োজনীয় প্রাথমিক প্রশিক্ষণের ব্যবস্থা করবে;

- ISP প্রতিষ্ঠান কর্তৃক ইন্টারনেট সংযোগ সচল রাখার সময়কাল যৌক্তিক পর্যায়ে নিশ্চিত করতে হবে;

- ISP প্রতিষ্ঠানের সেবার মান সন্তোষজনক না হলে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে ISP পরিবর্তনের ক্ষেত্রে বিদ্যমান ISP প্রতিষ্ঠান কানেক্টিভিটির অপটিক্যাল ফাইবার ক্যাবলসহ সকল নেটওয়ার্ক যন্ত্রপাতি নতুন নিয়ুক্ত ISP প্রতিষ্ঠানকে বুঝিয়ে বা হস্তান্তর করতে হবে;

- ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় বা অন্য কোনো ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত আইনসহ সকল প্রযোজ্য আইন, বিধি, বিধিমালা ও নিয়ন্ত্রণ নির্দেশিকা মেনে চলবে। সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) অনলাইনে অথবা মোবাইল ফাইনেন্সিয়াল সার্ভিস এর মাধ্যমে ISP কে বিল প্রদান করতে পারবে।

তানজিনা ইসলাম
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

মোঃ শাহ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

হাবীবুল্লাহ
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

শেখ সাইফুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

প্রকৌঃ অনুজ কুমার রায়
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬।



CamScanner

ICT DIVISION FUTURE IS HERE | DoICT তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর DEPARTMENT OF ICT | EDC ESTABLISHING DIGITAL CONNECTIVITY

গ) **উপজেলা আইসিটি কর্মকর্তার দায়িত্ব**

প্রদানকৃত প্রতিটি কানেক্টিভিটির ডিভাইসমূহে যেমন WiFi Router, মিডিয়া কনভারটার, অপটিক্যাল নেটওয়ার্ক ইউনিট (ONU) ইত্যাদির গুণগত মান তদারকি এবং সঠিকতা যাচাই করবে।

- কোন প্রকার অভিযোগ প্রাপ্তির ক্ষেত্রে বা সংযোগ/সেবা গ্রহণকারী প্রাথমিক বিদ্যালয় কর্তৃক প্রদত্ত নোটিশের বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার সমন্বয়ে ISP প্রতিষ্ঠানের সেবার মান যাচাই করবে এবং অভিযোগ সঠিক মর্মে প্রতীয়মান হলে, গ্রাহকের সুপারিশ মোতাবেক Internet Service Provider (ISP) পরিবর্তন করতে পারবে;
- ISP প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ইন্টারনেট সেবার মান সন্তোষজনক না হলে বা সম্পাদিত চুক্তির কোন প্রকার ব্যত্যয় ঘটলে, সে ক্ষেত্রে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর ইন্টারনেট সার্ভিস সংক্রান্ত নির্দেশনা এবং বিদ্যমান চুক্তির শর্ত মোতাবেক আর্থিক জরিমানা করা যাবে;

| সেবা গ্রহণকারী বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সেবা প্রদানকারী Internet Service Provider (ISP) প্রতিষ্ঠান | প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
|---|---|---|
| ১। নাম: | ১। নাম: | ১। নাম: |
| ২। পদবী: | ২। পদবী: | ২। পদবী: |

| স্বাক্ষীগণ: | স্বাক্ষীগণ: |
|---|---|
| ১। | ১। |
| ২। | ২। |

মোঃ শাহ্ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

হাবীবুল্লাহ
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

শেখ সাইদুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

প্রকৌঃ অনুজ কুমার র
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২

তানজিনা ইসলাম
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর



৬-৬

# সংযোজনী "ক"

| SL No. | Items Description | UoM | Quantity |
|---|---|---|---|
| 1 | Wi-Fi Router<br>(as per approved technical specifications) | each | 1 |
| 2 | 4-Core Optical Fiber Cable | MTR. | Apprx. 1500 |
| 3 | Media Converter / ONU | each | 1 |
| 4 | Termination / TJ Box | each | 1 |
| 5 | Fiber Patch Cord (As per required) | each | 5 |
| 6 | Others (Adaptor, electric power cable, socket, cable ties, etc.) | LS | (As per required) |

মোঃ শাহ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

হাবীবুল্লাহ
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

শেখ সাঈদুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

প্রকৌঃ অনুপ কুমার রায়
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬।

তানজিনা ইসলাম
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

নং -৩৮.০১.০০০০.৯০০.১০.০০২.২৪- ১২৬৩

তারিখ: ২৪ ভাদ্র, ১৪৩২ / ০৮ সেপ্টেম্বর, ২০২৫

**বিষয়: ৬৫,৫৬৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপনের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহিত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর পরবর্তী ত্রিপক্ষীয় চুক্তি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় ৬৫,৫৬৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে End User Connectivity প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের সর্বশেষ তথ্যমতে আনুমানিক ৩৪,০০০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের End User Connectivity স্থাপন সম্পন্ন করা হয়েছে। গত ১৪ আগস্ট ২০২৫ তারিখ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহিত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর হয়। সমঝোতা স্মারকে (MoU) উল্লিখিত শর্তাবলী মাঠ পর্যায়ের অফিসসমূহ ও বিদ্যালয় পর্যায়ে অবহতিকরণের জন্য এতদসংগে সংযুক্ত করা হলো **(সংযুক্তি বর্ণনা মোতাবেক)**।

০২। ৬৫,৫৬৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপনের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহিত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর পরবর্তী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, ISP প্রতিষ্ঠান ও উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সমন্বয়ে একটি ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন করতে হবে। উক্ত চুক্তির ১টি খসড়া এতদসংগে সংযুক্ত করা হলো **(সংযুক্তি বর্ণনা মোতাবেক)**।

০৩। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে End User Connectivity স্থাপন সম্পন্ন ও বিল প্রদান করার নিমিত্ত ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন ও শর্তাবলী অবহতিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: ০১। সমঝোতা স্মারকে (MoU) সংযুক্ত শর্তাবলি(-০২-পাতা)।
০২। ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদনের খসড়া কপি (-০৬--পাতা)।

০৮/০৯/২৫

(মোহাম্মদ কামরুল হাসান, এনডিসি)
যুগ্মসচিব
পরিচালক (তথ্য ব্যবস্থাপনা বিভাগ)

উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার
----------উপজেলা, জেলা:.........।

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. প্রধান শিক্ষক,-----------------------------------------বিদ্যালয়।

CamScanner

## "অনুচ্ছেদ ও শর্তাবলি"

**অনুচ্ছেদ ১ - তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মধ্যে তথ্য-উপাত্ত আদান-প্রদান:**

(ক) এ সমঝোতা স্মারক স্বাক্ষরের সর্বোচ্চ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রকল্পের সাথে সম্পৃক্ত সকল কারিগরি কার্যাদি সম্পাদন সাপেক্ষে দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নিকট End User Connectivity প্রদানের জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের চূড়ান্ত তালিকা এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের একজন উপযুক্ত প্রতিনিধির নাম ও ফোন নম্বর প্রদান করবে।

(খ) ১ম পক্ষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রদানযোগ্য End User Connectivity এর One time cost (OTC) বহন করবে ও WiFi Router এর ওয়ারেন্টি নিশ্চিত করার বিষয়ে সার্বিক সহযোগিতা করবে। ২য় পক্ষ প্রাথমিক শিক্ষা অধিরপ্তরের নিয়ন্ত্রনাধীন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ইন্টারনেট সংযোগ সম্পন্ন হওয়ার পর বা জুলাই ২০২৫ থেকে থেকে (অনুচ্ছেদ নং ৩(খ) অনুযায়ী) বিটিআরসি'র "এক দেশ এক রেট" অনুসারে বা নেগোসিয়েশনের মাধ্যমে নির্ধারিত মূল্য অনুসারে (যাহা তুলনামূলক কম মূল্য হয়) উচ্চগতির ২০ এমবিপিএস বা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রয়োজন অনুসারে Monthly Recurring Cost (MRC) এর ব্যয় বহন করবে। এক বছরের পর থেকে যন্ত্রপাতির যে কোনও ধরনের সমস্যা দেখা দিলে ২য় পক্ষ প্রাথমিক শিক্ষা অধিরপ্তরের নিয়ন্ত্রনাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ নিজ খরচে তা সমাধান করবে; যেমন WiFi Router, মিডিয়া কনভারটার, অপটিক্যাল নেটওয়ার্ক ইউনিট (ONU) ইত্যাদি যদি নষ্ট হয় বা ত্রুটি বা অন্য কোনও সমস্যা দেখা দেয়।

গ) WiFi Router এর warranty ০১ জুলাই ২০২৫ তারিখ থেকে পরবর্তী এক বছর বলবৎ থাকবে এবং WiFi Router সরবরাহকারি নির্বাচিত ISP প্রতিষ্ঠানের মাধ্যমে তা নিশ্চিত করবে।

ঘ) End User Connectivity প্রদান সম্পন্ন হওয়ার পর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রদানকৃত তালিকাভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ থেকে User Provisional Acceptance Certificate (UPAC) প্রথম পক্ষকে প্রদান করবে।

ঙ) End User Connectivity প্রদান সম্পন্ন হওয়ার পর এবং User Provisional Acceptance Certificate (UPAC) প্রদানের ১ (এক) মাস পর প্রদানকৃত সংযোগের পারফরম্যান্স যাচাইপূর্বক যদি কোন ব্যত্যয় না থাকে, সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠান User Final Acceptance Certificate (UFAC) প্রথম পক্ষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরকে প্রদান করবে।

চ) WiFi Router ও তৎসংশ্লিষ্ট যন্ত্রপাতি যা ২য় পক্ষ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন অনুমোদিত তালিকাভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে স্থাপন করা হবে, সে সকল যন্ত্রপাতি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের হেফাজতে থাকবে ও উক্ত প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করবে।

ছ) নির্বাচিত ISP প্রতিষ্ঠান দ্বারা নির্বাচিত সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ফাইবার অপটিক ক্যাবল এর মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করার লক্ষ্যে ISP প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তার অধীনস্থ/আওতাধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/বিদ্যালয়সমূহে পত্র দিয়ে অবহিত করবে।

মোঃ শাহ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

শেখ সাঈদুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

প্রকৌঃ অনুজ কুমার রায়
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬।

CamScanner

জ) স্বাক্ষরিত সমঝোতার স্মারক পরবর্তীকালে যে কোনো সময় উভয় পক্ষের চাহিদা ও সম্মতির ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অপরিবর্তিত রেখে অন্যান্য যে কোনো বিষয়ে সংশোধন করা যাবে।

**অনুচ্ছেদ ২ - তথ্য-উপাত্ত প্রদানে বাধা এবং এর প্রতিকার:**

(ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (২য় পক্ষ) কর্তৃক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (১ম পক্ষ) কে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) কোনো কারণে দ্বিতীয় পক্ষের সাময়িকভাবে তথ্য প্রদান কার্যক্রম ব্যাহত হলে তা অতি দ্রুত দ্বিতীয়পক্ষ, প্রথমপক্ষকে অবহিত করবে এবং এরূপ ক্ষেত্রে দ্বিতীয়পক্ষ যতদ্রুত সম্ভব এর প্রতিকারের ব্যবস্থা করবে।

**অনুচ্ছেদ ৩ - প্রতিষ্ঠিত কানেক্টিভিটির তদারকি এবং আর্থিক সংশ্লেষ সংক্রান্ত:**

(ক) ২য় পক্ষ কর্তৃক ১ম পক্ষের সাথে ডাটা বা তথ্য আদান-প্রদানের জন্য কোনো প্রকার আর্থিক সংশ্লেষ থাকবে না।

(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ইন্টারনেটের বিল প্রদানের নিমিত্ত Monthly Recurring Charge (MRC) খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের কার্যক্রম সম্পন্নকরণের সুবিধার্থে শুধু মাত্র উল্লিখিত সময়ে সংযোগ গ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ০১জুলাই ২০২৫ খ্রি. এর পর থেকে সম্পাদিত ত্রিপক্ষীয় চুক্তি অনুসারে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ISP প্রতিষ্ঠান কে Monthly Recurring Charge (MRC) পরিশাধ করবে।

(গ) ISP প্রতিষ্ঠানের কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পর্যালোচনা করবে। যদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, ISP এর কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং ISP প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত ত্রিপক্ষীয় চুক্তির শর্তাবলির পরিপন্থী, সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ISP প্রতিষ্ঠান পরিবর্তন করতে পারবে। সেক্ষেত্রে বিদ্যমান ISP প্রতিষ্ঠান নতুন নির্বাচিত ISP প্রতিষ্ঠানের নিকট কানেক্টিভিটির সংযোগ ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি বুঝিয়ে দিবে।

**অনুচ্ছেদ ৪ - সমঝোতা স্মারকের কার্যকারিতা ও মেয়াদ:**

(ক) এ সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে ০৩ বৎসরের জন্য কার্যকর থাকবে।

(খ) বিদ্যমান সমঝোতার মেয়াদ শেষ বা উত্তীর্ণ হবার ন্যূনতম ২ (দুই) মাস পূর্বে উভয় পক্ষ পারস্পরিক মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন বা সংযোজন করতে পারবে এবং তদানুযায়ী নবায়ন বা নতুন সমঝোতা স্মারক/চুক্তিপত্র সম্পাদন করতে পারবে। এরূপ ভাবে নির্দিষ্ট সময় অন্তর অন্তর সমঝোতা স্মারক নবায়ন করা যাবে। এটা একটি চলমান প্রক্রিয়া হিসাবে কার্যকর থাকবে।

০৮/০৯/২০২৫
মোঃ শাহ আলম
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

০৮/০৯/২০২৫
শেখ সাজ্জাদুর রহমান
অপারেশন ম্যানেজার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

০৮/০৯/২০২৫
প্রকৌঃ অনুজ কুমার রায়
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন -২, মিরপুর, ঢাকা-১২১৬।

CamScanner